

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
তাড়াইল, কিশোরগঞ্জ  
[www.acl.tarail.kishoreganj.gov.bd](http://www.acl.tarail.kishoreganj.gov.bd)

তারিখ- ২৬/১০/২০২৫ খ্রি.

স্মারক নং-৩১.১২.৪৮৯২.০০০.০৭.০১৪.২৪-২০১২

খাস আদায় বিজ্ঞপ্তি নং-০২/২০২৫

এতদ্বারা সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর সভাপতি/সম্পাদক ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ অনুচ্ছেদ অনুযায়ী তাড়াইল উপজেলাধীন ২০ একরের নীচের আয়তন বিশিষ্ট নিম্নোক্ত জলমহালটি খাস আদায়ের লক্ষ্যে বর্ণিত শর্ত মোতাবেক দর উল্লেখে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত তথ্যাদি অত্রাফিস হতে জানা যাবে।

১৪৩২ বঙ্গাব্দের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত খাস আদায়যোগ্য তাড়াইল উপজেলার ২০ একর পর্যন্ত জলমহালের তালিকা

ক্রমিক	জলমহাল/খাস পুকুরের নাম	মৌজা	খ: নং	দাগ নং	পরিমাণ (একর)	সরকারি মূল্য	মন্তব্য
০১	দাদ মাইনকা লম্বা বিল	দামিহা	১	২২৫০	৪.৪৫	৬,৬৭৫.০০	মোকদমাভুক্ত
০২	বোয়ালিয়া বিল	সেকান্দরনগর	১	১৩৬১	৮.২৩	১২,৩৪৫.০০	
০৩	দিগদাইড় মজা পুকুর	দিগদাইড়	১	৭৪৩	০.৬৪	৯৬০.০০	মোকদমাভুক্ত
০৪	রাহেলা পুকুর	রাহেলা	১	৩৩৮	০.৬৫	৯৭৫.০০	মোকদমাভুক্ত

খাস আবেদন দাখিলের তারিখ :- ১০/১১/২০২৫ খ্রি., সকাল-৯.০০ টা হতে বেলা-১.০০ ঘটিকা পর্যন্ত,

**শর্তাদি :**

- ০১। দরখাস্ত দাখিলের জন্য ধার্য তারিখ সকাল ৯.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত। দরখাস্তে উদ্ধৃত মূল্য অংকে ও কথায় লিখতে হবে। দরখাস্ত সীলগালা অবস্থায় এ কার্যালয়ে রক্ষিত ব্যাল্ডে জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩.০০ টায় প্রাপ্ত দরখাস্ত সমূহ খোলা হবে ও পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- ০২। দরখাস্তের সাথে উদ্ধৃত মূল্যের ৫০% জামানত বাবদ তফসিলভুক্ত ব্যাংকের বি,ডি সহকারী কমিশনার (ভূমি), তাড়াইল বরাবরে জমা প্রদান করতে হবে (বি,ডি'র টাকা খাস আদায় মূল্যের সাথে সমন্বয় হবে)।
- ০৩। উদ্ধৃত খাস মূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে।
- ০৪। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হওয়ার ৭(সাত) দিনের মধ্যে সাকুল্য টাকা জমা প্রদান করতে হবে।
- ০৫। খাস আদায়ের জন্য প্রদত্ত আদেশ কিছুতেই ইজারা হিসেবে গণ্য হবে না।
- ০৬। খাস আদায়ের মেয়াদ ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত বলবৎ থাকবে।
- ০৭। খাস গ্রহীতা সকল প্রকার আনুষ্ঠানিকতা সম্পন্ন করে নিজ দায়িত্বে জলমহালের দখল বুঝে নিবেন। দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন দাবী উপস্থাপন করলে তা গ্রহণযোগ্য হবে না।
- ০৮। খাস আদায়ের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর খাস আদায় গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। খাস আদায়ের মেয়াদ শেষে জলমহালের উপর খাস আদায়কারীর কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রীয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে ন্যস্ত হবে।
- ০৯। জলমহাল হতে কোন প্রকারেই মা মাছ নিধন করা যাবে না।
- ১০। জলমহালটি খাস আদায় নিতে আগ্রহী সমিতি/সংগঠন/ব্যক্তিকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১১। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ জিসান আলী)

সহকারী কমিশনার (ভূমি)

তাড়াইল, কিশোরগঞ্জ

ও

আহ্বায়ক


জলমহালের খাস আদায় কমিটি

স্মারক নং-৩১.১২.৪৮৯২.০০০.০৭.০১৪.২৪-

তারিখ-২৬/১০/২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ০১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ০৩। উপজেলা ..... অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, জাওয়ার ইউনিয়ন ভূমি অফিস, তাড়াইল, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি মাইক যোগে ও  
টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অত্র সাথে -----কপি বিজ্ঞপ্তি প্রেরণ করা হলো।
- ০৬। নোটিশ বোর্ড।



(মোঃ জিসান আলী)

সহকারী কমিশনার (ভূমি)  
তাড়াইল, কিশোরগঞ্জ

ও

আহবায়ক

জলমহালের খাস আদায় কমিটি